

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে যশোরের ৬ (ছয়) টি কয়লা ব্যবসায়ী প্রতিষ্ঠানকে ৬ লক্ষ ৫১ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং।

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ০৯/০৯/২০২০ তারিখ পরিবেশ অধিদপ্তর, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অস্ত্রে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে (১) মেসার্স সাহার এন্টারপ্রাইজ, পাঁচকবর (বটতলা), কলাতোলা, নওয়াপাড়া, যশোর-কে ২ লক্ষ ১ হাজার টাকা; (২) মেসার্স সারদা ট্রেডার্স পাঁচকবর(বটতলা), নওয়াপাড়া, যশোর-কে ১ লক্ষ টাকা; (৩) জয়েন্ট ড্রেডিং কর্পোরেশন লিঃ কাপাসহাটি, অভয়নগর, যশোর-কে ১ লক্ষ টাকা; (৪) মেসার্স শেখ ব্রাদার্স ২ নং ওয়ার্ড, চেক্টিয়া, নওয়াপাড়া, যশোর-কে ১ লক্ষ টাকা; (৫) মাহবুব ব্রাদার্স (প্রাঃ) লিঃ ২ নং ওয়ার্ড, নওয়াপাড়া, যশোর-কে ১ লক্ষ টাকা এবং (৬) বসুন্ধরা ড্রেডিং লিঃ (মেসার্স খাজা ট্রেডার্স) স্টেশন বাজার, নওয়াপাড়া, যশোর-কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখঃ ০৯/০৯/২০২০ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ সামসুজ্জামান সরকার)
সহকারী পরিচালক
পক্ষে
পরিচালক (মনিঃ ও এনফোঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।